

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd
(প্রশাসন শাখা)

স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৩.১৮.০৩২.১৬-৭৭০

তারিখ: ২৬ জ্যেষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
০৯ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল কার্যক্রমে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (DoICT) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহ এবং বর্তমান সরকারের লক্ষ্যমাত্রার উল্লেখযোগ্য বিষয় যেমন- আমার গ্রাম আমার শহর, তারুণ্যের শক্তি, মানসম্মত শিক্ষা, নারীর ক্ষমতায়ন, ডিজিটাল বাংলাদেশ ও অন্যান্য বিষয় নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে এবং বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

(ক) দক্ষ মানবসম্পদ (ডিজিটাল সক্ষমতা উন্নয়ন)

- আইসিটি অফিসিয়ালদের জন্য প্রশিক্ষণ;
- ই-নথি প্রশিক্ষণ;
- জাতীয় তথ্য বাতায়ন প্রশিক্ষণ;
- শিক্ষকদের ICT in Education Literacy Training;
- শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্পের মাধ্যমে ভাষাগুরু সফটওয়্যার এর উপর TOT;
- She Power প্রকল্পের মাধ্যমে নারী উদ্যোক্তা উন্নয়ন;
- বিপিও (Business Process Outsourcing) সামিটের মাধ্যমে বিপিও সেক্টরে কর্মসংস্থান;
- সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন;
- এছাড়াও সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

(খ) ই-গভর্নমেন্ট (ডিজিটাল সরকার)

- সুশাসন, সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে ই-নথি বাস্তবায়ন;
- সকল নাগরিকের নিকট তথ্য সরবরাহের নিমিত্ত জাতীয় তথ্য বাতায়ন বাস্তবায়ন ও হালনাগাদকরণ;
- সরকারি অফিসসমূহের নাগরিক সেবা অটোমেশনে সহায়তা প্রদান;
- সরকারী অফিসসমূহে আইসিটি সাপোর্ট প্রদান;
- এছাড়াও সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।


(গ) কানেক্টিভিটি (ডিজিটাল অবকাঠামো উন্নয়ন)

- শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন;
- বিশেষায়িত ল্যাব স্থাপন;
- সাধারণ তথ্য প্রযুক্তি অবকাঠামো স্থাপন;
- পয়েন্ট অব ইন্টারকানেক্ট (POI) স্থাপন;
- ডিজিটাল ভিলেজ স্থাপন;
- জাতীয় সংসদ অটোমেশন;
- পররাষ্ট্র মন্ত্রণালয় অটোমেশন;
- শেষ মেইল পর্যন্ত উচ্চ গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি স্থাপন;
- ভিশন ২১ টাওয়ার: ডিজিটাল লিটারেসি সেন্টার;
- এছাড়াও সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

(ঘ) ইন্ডাস্ট্রি প্রমোশন (ডিজিটাল প্রমোশন)

- ডিজিটাল বাংলাদেশ দিবস (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস) আয়োজন;
- বিপিও (Business Process Outsourcing) সামিট বাংলাদেশ আয়োজন;
- জাতীয় ইন্টারনেট সপ্তাহ ও উন্নয়ন মেলা আয়োজন;
- জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন;
- জাতীয় শিশু দিবস আয়োজন;
- Women ICT Frontier Initiative (WIFI);
- আইসিটি অস্কারখ্যাত অ্যাপিকটা পুরস্কার আয়োজন;
- Asia-Pacific Information Superhighway (APIS) স্টিয়ারিং কমিটির সভা আয়োজন;
- এছাড়াও সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

০২। এমতাবস্থায়, সরকারের ভিশন ২০২১ ও এসডিজি ২০৩০ বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক মাঠপর্যায়ে পরিচালিত উল্লিখিত কার্যাদি সফল ও সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত মাঠপ্রশাসনসহ অন্যান্য সকল সরকারি অফিসকে সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(এ. বি. এম. আরশাদ হোসেন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ফোনঃ ০২-৮১৮১১০০ (অফিস)

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক (সকল)
(তার জেলার সকল সরকারি অফিসকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
(তার উপজেলার সকল সরকারি অফিসকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
- ৩। মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৫। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম।
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল)।
- ৯। অফিস কপি।